তারিখ 30 DEC 2015
পৃষ্ঠা ২ কলাম ৭

# সংবাদ



বিশেষ সিনেট অধিবেশনে উপাচার্য

## ২০১৬ সালের শেষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন

জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিশেষ সিনেট অধিবেশনে গতকাল ২৯শে ডিসেম্বর ২০১৫ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের সিনেট মিলনায়তনে উপাচার্য ও সিনেট চেয়ারম্যান প্রফেসর ড. হারুন-অর-রশিদ এর সভাপতিত্বে 'কলেজ শিক্ষার মানোন্নয়ন' বিষয়ক একক এজেন্ডা নিয়ে অনুষ্ঠিত হয়। উপাচার্য তাঁর অভিভাষণে চিহ্নিত শীর্ষ যুদ্ধাপরাধী ও স্বাধীনতা বিরোধীদের বিচারের রায় কার্যকর করাকে বছরের সবচেয়ে উল্লেখযোগ্য ঘটনা হিসেবে আখ্যায়িত করেন। এছাড়া তিনি কলেজ শিক্ষার মানোন্নয়নে বিশ্বব্যাংকের সঙ্গে ১৩০ মিলিয়ন ডলারের একটি প্রকল্প প্রস্তাব চূড়ান্তকরণ, সেবা গ্রহীতাদের জন্য কল সেন্টার ও ওয়ান স্টপ সার্ভিস সেন্টার চালু, ৫০ বছর অগ্রগতি মাস্টার প্ল্যান বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ, কলেজগুলোর শিক্ষার মাননির্ণয়নে র‍্যাংকিং ব্যবস্থা, 'স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়' বিষয়ে কলেজ শিক্ষকদের বিশেষ প্রশিক্ষণ, আন্তঃকলেজ সাংস্কৃতিক ও ক্রীড়া অনুষ্ঠান আয়োজন, ই-ফাইলিং চালু, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে শিক্ষার নতুন বিষয় প্রবর্তন, জিপিএ-র ভিত্তিতে অনার্সে ভর্তি, সেশনজট নিরসনে গৃহীত ক্রাশ প্রোগ্রাম ও একাডেমিক ক্যালেন্ডার ঘোষণা ও এর অগ্রগতি, আঞ্চলিক কেন্দ্রসমূহ নিজস্ব ভবন নির্মাণে ডিপিপি প্রণয়ন ইত্যাদি বিষয় তুলে ধরেন এবং ঘোষণা করেন যে, ২০১৬ সালের শেষে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠিত হবে। সিনেটের এ বিশেষ অধিবেশনে অন্যান্যের মধ্যে অধ্যাপক ড. শরীফ এনামুল কবির, জনাব সিরাজ উদ্দীন আহমেদ, জনাব রামেন্দু মজুমদার, জনাব শামসুজ্জামান খান, অধ্যক্ষ ড. মো. আবুল ফতেহ, অধ্যাপক শাহ্ সাজেদা, অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, অতিরিক্ত সচিব জনাব মো. হেলাল উদ্দিন, অধ্যাপক ড. আল মাসুদ হাসানুজ্জামান, অধ্যাপক আবু বকর সিদ্দিক প্রমুখ বক্তব্য রাখেন। সংবাদ বিজ্ঞপ্তি